



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২২.০৫৪.২০.৩০১

তারিখ: ৫ বৈশাখ ১৪২৮

১৮ এপ্রিল ২০২১

বিষয়: একই ব্যক্তির দুই পদে কর্মরত থাকা প্রসঙ্গে।

লক্ষ্মীপুর জেলার রামগঞ্জ উপজেলাধীন দল্টা ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক জনাব এ এ এম মোস্তাক আহমেদ কে উপাধ্যক্ষের পদ হতে অব্যাহতির জন্য অত্র কলেজের প্রভাষক অর্থনীতি মোঃ মহসীন আবেদন করেন। উক্ত আবেদনের প্রেক্ষিতে অধ্যক্ষ ও সভাপতির ব্যাখ্যা চেয়ে মাউশির অফিস স্মারক নম্বর ৩৭.০২.০০০০.১০৫.২২.০৫৪.২০.৪৪, প্রেরণের তারিখ: ২০২১-০১-১৬ মোতাবেক পত্র দেয়া হয়। অধ্যক্ষ ও উপজেলা নির্বাহী অফিসার (সভাপতি, গভর্নিং বডি) জবাব দাখিল করেছেন।

অধ্যক্ষের জবাব: কলেজটি উচ্চ মাধ্যমিক স্তরে এমপিওভুক্ত। ২০১৪ সালে ডিগ্রি স্তরে উপাধ্যক্ষ ও বিষয় ভিত্তিক শিক্ষক নিয়োগ করা হয়। উক্ত নিয়োগ উচ্চ মাধ্যমিক পর্যায়ের এমপিওভুক্ত সহকারী অধ্যাপক (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি) জনাব এ.এ.এম মোস্তাক আহমেদ কে নিয়োগ দেয়া হয়। তিনি পূর্ব পদ থেকে পদত্যাগ করে যোগদানের জন্য আসেন, আমি গভর্নিং বডির চাপে তাকে পূর্ব পদের পদত্যাগ ছাড়াই যোগদান পত্র গ্রহণ করতে বাধ্য হই। তিনি দুইটি পদেই নিয়োজিত আছেন এবং উভয় পদের বিপরীতে প্রতিষ্ঠান থেকে ভাতা গ্রহণ করেন।

সভাপতির জবাব: ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ের সহকারী অধ্যাপক জনাব এ.এ.এম মোস্তাক আহমেদকে বিগত ১৮.০৯.২০১৪খ্রি. তৎকালীন গভর্নিং বডি উপাধ্যক্ষ হিসেবে নিয়োগ প্রদান করেন। উপাধ্যক্ষ পদে নিয়োগ পাওয়ার পর যোগদান করতে হলে তাকে বিধি মোতাবেক সহকারী অধ্যাপকের পদ থেকে পদত্যাগ করতে হয়। কিন্তু পদত্যাগ না করে তিনি উপাধ্যক্ষ পদে যোগদান করেন এবং পূর্বতন গভর্নিং বডি তার যোগদান অনুমোদন করেন যা সম্পূর্ণ অবৈধ। উপাধ্যক্ষ পদে যোগদান করে তিনি সরকার প্রদত্ত সহকারী অধ্যাপকের বেতন ভাতা উত্তোলন করছেন এবং সাথে সাথে প্রতিষ্ঠান হতে সহকারী অধ্যাপক ও উপাধ্যক্ষের প্রাতিষ্ঠানিক বেতন ভাতা ও অন্যান্য সুযোগ সুবিধা ভোগ করছেন। বিধি মোতাবেক একই ব্যক্তি দুটি লাভজনক পদে নিয়োজিত থাকতে পারেন না। তার দুটি পদে থাকা ও আর্থিক সুযোগ সুবিধা ভোগ করার কারণে প্রতিষ্ঠানের শৃঙ্খলা বিনষ্ট হচ্ছে।

এমতাবস্থায়, জনবল কাঠামো ২০১৮ এর ১১.১০ এর (ক ও খ) ধারা লঙ্ঘন করায় ১৮.১ ধারা মোতাবেক তার বেতন ভাতা বন্ধ ও উপাধ্যক্ষ পদে যোগদানের তারিখ থেকে সহকারী অধ্যাপকের সরকারি বেতন ভাতা কেন ফেরৎ নেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবেনা তার ব্যাখ্যা ০৩ কর্ম দিবসের মধ্যে প্রদানের জন্য উপাধ্যক্ষ জনাব এ. এ.এম মোস্তাক আহমেদকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৮-৪-২০২১

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক ৩

জনাব এ এ এম মোস্তাক আহমেদ, উপাধ্যক্ষ
দল্টা ডিগ্রি কলেজ, লক্ষ্মীপুর।